দৈনিক
ইনকিলাব

তারিখ 12 MAY 2003
পৃষ্ঠা ২

# সাবেক ঢাবি ভিসি আজাদ চৌধুরীকে লক্ষ্য করে গুলি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীকে লক্ষ্য

গুলি : পৃষ্ঠা ১৫ : কলাম ২

## গুলি : ঢাবি ভিসি

(১ম পৃষ্ঠার পর)

করে সন্ত্রাসীরা গুলিবর্ষণ করেছে। গতকাল রাতে বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের শিক্ষক লাউঞ্জের সামনে এ ঘটনা ঘটে। জানা যায়, রাত ৮টার দিকে দলীয় একটি মিটিং শেষে অধ্যাপক চৌধুরী, নীল দলের আহ্বায়ক খন্দকার বজলুল হক, অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য, অধ্যাপক সুলতানা শফি এবং আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমান শিক্ষক লাউঞ্জ থেকে বের হচ্ছিলেন। অধ্যাপক চৌধুরী এবং খন্দকার বজলুল হক ছিলেন সামনে, অন্যরা তাদের পেছনে আসছিলেন। এ সময় প্রায় ৪০ হাত দূর থেকে দু'জন সন্ত্রাসী অধ্যাপক চৌধুরী ও খন্দকার হককে লক্ষ্য করে দু'রাউন্ড গুলি করে। প্রত্যক্ষদর্শীরা জানান, গুলি করেই সন্ত্রাসীরা সাদা একটি প্রাইভেট কারযোগে পালিয়ে যায়। তাদের ধারণা, কাটা রাইফেল থেকে গুলি ছোড়া হয়েছে। তবে আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমান ফোনে যুগান্তরকে জানান, খুব কাছ থেকে অধ্যাপক চৌধুরীকে লক্ষ্য করে এক রাউন্ড পিস্তলের গুলি ছোড়া হয়েছে। গুলিটি লক্ষ্যভ্রষ্ট হওয়ায় তিনি প্রাণে বেঁচে যান। ঘটনার পর পরই ফ্যাকাল্টিতে দৌড়াদৌড়ি শুরু হয়ে যায়। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ রাশিদুল হাসান ফ্যাকাল্টির দ্বিতীয়তলায় ক্লাস নিচ্ছিলেন। তিনি জানান, গুলির শব্দ শোনার পরপরই তিনি নিচে নেমে আসেন। কর্মচারীরা জানান, মিটিংয়ে সিদ্ধান্ত গ্রহণ নিয়ে মতানৈক্য ও উত্তপ্ত বাক্যবিনিময়ের পর অধ্যাপক চৌধুরী ও অন্যরা বের হয়ে আসার পথে বাইরে থেকে সন্ত্রাসীরা গুলি করে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ ও প্রক্টর অধ্যাপক ফিরোজ আহমদ ঘটনার পর পরই ঘটনাস্থলে উপস্থিত হন। ভিসি তাৎক্ষণিকভাবে প্রক্টরিয়াল বডিকে ঘটনা তদন্ত ও দোষীদের চিহ্নিত করার নির্দেশ দেন।

### ছাত্রদলের বিক্ষোভ

এদিকে সকালে আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমানকে অপসারণের দাবিতে ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। মিছিল শেষে সায়েন্স এনেক্সে আমিরুল ইসলাম আলিমের সভাপতিত্বে সমাবেশে সুলতান সালাউদ্দিন টুকু, শামসুজ্জামান মেহেদী, একরামুল হক বিপ্লব, হাসান মামুন, ওমর ফারুক শাফিন, আদেল মাহমুদ জুয়েল, সবুজ প্রমুখ বক্তৃতা করেন।